ইত্তেফাক

তারিখ ... 13/5/80 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 3 ...



## গণসাক্ষরতা সংক্রান্ত উচ্চপর্যায়ের বৈঠক

বাসস জানায়, গতকাল (সোমবার) প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সভাপতিত্বে কেবিনেট রুমে গণসাক্ষরতা সক্রান্ত এক উচ্চপর্যায়ের বিশেষ বৈঠকে গণসাক্ষরতা কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং ভবিষ্যৎ কর্মপন্থা নিরূপণ করা হয়।

বৈঠকে পরিকল্পনা মন্ত্রী ডঃ ফসিহউদ্দিন মাহতাব, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী জনাব আবদুল হালিম চৌধুরী এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী প্রফেসর এম, এ, মতিন উপস্থিত ছিলেন। তাছাড়া, শিক্ষা, তথ্য ও বেতার,

( ৭ম পৃঃ দ্রঃ )

## গণসাক্ষরতা সংক্রান্ত বৈঠক

( ১ম পৃঃ পর )

পরিকল্পনা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধিবৃন্দ বৈঠকে উপস্থিত থাকিয়া আলোচনায় অংশগ্রহণ করেন।

বৈঠক শেষে শাহ আজিজ বলেন, নির্ধারিত সময়ে গণসাক্ষরতা কার্যক্রম জোরদার করার জন্য অন্যান্য বিষয়ের মধ্যে থানা সমন্বয় কমিটি গঠন করার বিষয়ে আলোচনা করা হইয়াছে। এই থানা সমন্বয় কমিটিতে থানা পর্যায়ের সকল কর্মকর্তা, স্থানীয় নেতৃবৃন্দ এবং সংশ্লিষ্ট এমপিরা অন্তর্ভুক্ত থাকিবেন। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে গণসাক্ষরতার ব্যাপক কর্মসূচী, অক্ষরজ্ঞানের পর পঠনযোগ্য বিষয় নির্বাচন এবং চালু জরুরী কর্মসূচীর গুণগত দিকগুলি সম্পর্কেও বৈঠকে আলোচনা করা হয়।

শাহ আজিজ বলেন, ১ লক্ষ ১৯ হাজার ৯০৫টি গণস্বাক্ষরতা স্কোয়াড দেশের ২৭৯টি থানায় নিরক্ষর লোকদের শিক্ষাদান করিতেছে। উক্ত স্কোয়াডের মধ্যে ৩৯ হাজার ৯৭৭টি মহিলা স্কোয়াড ঃ এই কর্মসূচীতে ৫৩ হাজার ৬১২ জন মহিলাসহ ৩ লক্ষ ১৩ হাজার ৪১৩ জন শিক্ষক অংশগ্রহণ করিয়াছে। প্রধানমন্ত্রী বলেন, ইতিমধ্যে ১৭ লক্ষ ৮২ হাজার ১২১ জন মহিলাসহ ৪৭ লক্ষ ৩১ হাজার ৯৮৫ জন শিক্ষার্থী নাম তালিকাভুক্ত করিয়াছে। তিনি বলেন, প্রাথমিক শিক্ষার বইয়ের ৬৮ লক্ষ কপি বিভিন্ন মহকুমায় বিতরণ করা হইয়াছে। এক বিশেষ কর্মসূচীর মাধ্যমে গ্রাম প্রতিরক্ষা দলের ২০ হাজার সদস্য গ্রাম প্রতিরক্ষা দলের এক লক্ষ সদস্যকে শিক্ষাদান করিবে।